মেহেরপুরে হাম-রুবেলা ক্যাম্পেইন উপলক্ষে প্রেস ব্রিফিং

মেহেরপুর জেলা স্বাস্থ্য বিভাগের উদ্যোগে হাম রুবেলা ক্যাম্পেইন উপলক্ষে প্রেস বিফ্রিং অনুষ্ঠিত হয়েছে।

রবিবার দুপুরে মেহেরপুর সিভিল সার্জনের সম্মেলন কক্ষে এ প্রেস ব্রিফিং অনুষ্ঠিত হয়। সিভিল সার্জন ডা. নাসির উদ্দিনের সভাপতিত্বে মূল প্রবন্ধ উপস্থাপন করেন হু এর সার্ভিলেন্স এন্ড ইমিউনিনাইজেশন মেডিক্যাল অফিসার ডা. লী শান্তা মন্ডল।

সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন বলেন, হাম-রুবেলার মত সব ক্যাম্পেইন সফল করার ক্ষেত্রে সাংবাদিক গুরত্ব অনেক। তাই এই ক্যাম্পেইন সফল করার লক্ষে তিনি সাংবাদিকদেও সহযোগীতা কামনা করেন।

তিনি আরো জানান, জেলার ৯ মাস থেকে ১০ বছরের ১ লাখ ২২ হাজার ১৬৯ জন শিশুকে এ টিকা দেওয়া হবে। এর মধ্যে সদর উপজেলায় ৩৫ হাজার ১২১, গাংনী উপজেলায় ৫৮ হাজার ১৯১ জন, ১৬ হাজার ৫৭৯ জন এবং দুটি পৌরসভায় ১২ হাজার ২৭৮ জন শিশু রয়েছে।

সাংবাদিকদের মধ্যে বক্তব্য দেন তোজাম্মেল আযম, মাহাবুব চান্দু, রাশেদুজ্জামান, বেন ইয়ামিন মুক্ত প্রমুখ।

মেপ্র/ইএম

মেহেরপুরে স্কুল-কলেজ ফাঁকি

দিয়ে আড্ডা – পুলিশের হাতে আটক ৫

মেহেরপুরে স্কুল -কলেজ চলাকালীন সময়ে কয়েকজন মেয়ে স্কুল-কলেজ ফাঁকি দিয়ে রেস্টুরেন্টে আড্ডা দিচ্ছিল।
এসময় একজন ছাত্রীর অভিভাবক থানায় অভিযোগ করলে সদর থানার এসআই আহসান হাবিব থানা ঘাট সংলগ্ন দাওয়াত রেস্টুরেন্টে অভিযান পরিচালনা করেন।

পুলিশের উপস্থিতি টের পেয়ে কয়েকজন পালিয়ে গেলেও ৫ জন ছেলেকে আটক করে সদর থানায় নিয়ে আসা হয়। আজ রবিবার সকালের দিকে থানা ঘাট সংলগ্ন দাওয়াত রেস্টুরেন্টে এ ঘটনা ঘটে।

পরে তাদের অভিভাবকদের ডেকে ভবিষ্যতে এই ধরনের কাজ থেকে বিরত থাকার মুচলেকা দিয়ে মুক্তি পায়।

আহসান হাবিন বলেন, স্কুল-কলেজ চলাকালিন সময়ে এইসব ছেলে মেয়েরা রেস্টুরেন্টে বসে আড্ডা দিচ্ছিল। একজন ছাত্রীর অভিভাবক থানায় অভিযোগ করলে সেখানে গিয়ে তাদের ধরে এনে অভিভাবকদের হাতে তুলে দেওয়া হয়।

শিক্ষার্থীদের ভবিষ্যতের কথা ভেবে তাদের নাম প্রকাশ করা হলো না।

মেপ্র/এমএফআর

গাংনীতে মোটর সাইকেলের নিয়ন্ত্রণ হারিয়ে স্কুল ছাত্র নিহত, আহত-২

মেহেরপুরের গাংনীতে মোটর সাইকেলের নিয়ন্ত্রণ হারিয়ে কিবরিয়া নামের এক স্কুল ছাত্র নিহত হয়েছে। আহত হয়েছেন আরো দুই ছাত্র। আজ

রোববার সকাল ১০ টার দিকে গাংনী পৌর এলকার আখ সেন্টারের অদূরে দুর্ঘটনা ঘটে। কিবরিয়া উপজেলার ধানখোলা গ্রামের ইন্তাদুল ইসলামের ছেলে ও গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের নবম শ্রেণীর ছাত্র। আহত হয়েছে আরো দুই ছাত্র মুজাহিদ ও পলক। মুজাহিদ ধর্মচাকি গ্রামের জাফর আলীর ছেলে। পলক কাষ্টদাহ গ্রামের মাহাবুল হোসেনের ছেলে।

পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানায়, মোটর সাইকেল আরোহী কিবরিয়াসহ তার দুই বন্ধু পলক ও মুজাহিদ মিলে মোটর সাইকেলযোগে দ্রতগতিতে স্কুলে আসছিল। এসময় গাংনী আখ সেন্টার এলাকায় পৌছুলে মোটর সাইকেলের নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশে খাদে পড়ে যায়। স্থানীয়রা তিনজনকে উদ্ধার করে গাংনী হাসপাতালে নিয়ে আসে। কর্তব্যরত চিকিৎসক কিবরিয়াকে মৃত ঘোষণা করেন। মুজাহিদের অবস্থা আশংকাজনক হওয়ায় তাকে কুষ্টিয়া মেডিকেল হাসপাতালে রেফার্ড করা হয়েছে। পলক কে প্রাথমিক চিকিৎসা দেয়া হয়েছে।

মেহেরপুর জেলা আইনজীবী সহকারী সমিতির দ্বি-বার্ষিক নির্বাচন

মেহেরপুর জেলা আইনজীবী সহকারী সমিতির দ্বি-বার্ষিক নির্বাচন সম্পন্ন হয়েছে। নির্বাচনে আমিরুল ইসলাম-শাহাদুল ইসলাম কানায় প্যানেলের সভাপতি হিসাবে আমিরুল ইসলাম পুননির্বাচিত সহ ১৫ টি পদের মধ্যে ১১ টি তে জয়ী হয়েছেন ।

বিল্টু-জাহিদ নীল প্যানেল থেকে সাধারণ সম্পাদক সহ চারটিতে জয়ী হয়েছেন। গতকাল শনিবার বিকালে নির্বাচনী ফলাফল ঘোষণা করা হয়। সকাল নয়টা থেকে বিরতিহীন ভাবে বিকাল তিনটা পর্যন্ত নির্বাচন অনুষ্ঠিত হয়।

১২১ জন ভোটারের মন জয় করতে ১৫ টি পদে মোট ২৯ জন প্রতিদ্বন্দ্বিতা করেন। নির্বাচনের মোট ১১৯ জন ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করেন। এতে বর্তমান সভাপতি বিশিষ্ট মুক্তিযোদ্ধা আমিরুল ইসলাম ৬৫ ভোট পেয়ে সভাপতি পদে

পুননির্বাচিত হন। তার একমাত্র প্রতিদ্বন্দ্বী প্রার্থী আহসান হাবিব বেল্টু ৫০ ভোট পান ।

আমিরুল কানাই প্যানেল থেকে নির্বাচিত অন্যরা হলেন সহ-সভাপতি নাসির উদ্দিন, মোজাম্মেল হক, যুগ্ম-সম্পাদক মমিনুল ইসলাম, মেহেদি আরাফাত পাশা, সাংগঠনিক সম্পাদক সানোয়ার হোসেন, কোষাধক্ষ্য শরিফুল ইসলাম প্রচার সম্পাদক খন্দকার নাজমুল হোসাইন, এবং কার্যনির্বাহী সদস্য মিজানুর রহমান, গিয়াসউদ্দিন মোঃ তুহিন।

এদিকে নীল প্যানেল থেকে বিজয়ী আব্দুস সাত্তার জাহিদ ৬৮ ভোট পেয়ে প্রথমবারের মতো সাধারণ সম্পাদক নির্বাচিত হন। নির্বাচন অপর প্রার্থী শাহাদুল ইসলাম কানাই ৪৮ ভোট। নীল প্যানেলের বিজয় অন্য প্রার্থীরা হল দপ্তর সম্পাদক জিয়াউর রহমান, নির্বাহী সদস্য শামীম রেজা সোহেল রানা।

মেহেরপুর পৌরসভার টিএলসিসি কমিটির আলোচনা সভা অনুষ্ঠিত

মেহেরপুর পৌরসভার টিএলসিসি কমিটির আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার দুপুর দেরটার দিকে এ সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় পৌর মেয়র মাহফুজুর রহমান রিটনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসুল।

অনান্যদের মধ্যে বক্তব্য রাখেন, জেলা পরিষদের সাবেক প্রশাসক অ্যাডভোকেট মিয়াজান আলী, কাউন্সিলর আল মামুন, সচিব তৌফিকুর রহমান, যুব লীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান প্রমুখ।

আলমডাঙ্গায় অপতিরোধ্য বাংলাদেশ গড়ায় কারিগরি শিক্ষার ভুমিকা শীর্ষক সেমিনার

আলমডাঙ্গায় অপতিরোধ্য বাংলাদেশ গড়ায় কারিগরি শিক্ষার ভুমিকা শীর্ষক সেমিনার অনুষ্টিত হয়েছে। গতকাল শনিবার সকাল ১০টার দিকে আলমডাঙ্গা সরকারি বিদ্যালয়ের হলরুমে।

সেমিনারে বাংলাদেশ ভোকেশনাল শিক্ষক সমিতি কেন্দ্রীয় নির্বাহী কমিটির সমাজ কল্যান সম্পাদক আবু তালেবের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার মো: লিটন আলী।

তিনি বলেন, বর্তমানে বৈশ্বিক অবস্থায় ছেলেদেরকে কারিগরি শিক্ষা দিয়ে স্কিল লেবার তৈরি করতে হবে। যারা বিভিন্ন দেশে আনস্কিল লেবার হিসেবে কাজ করছেন তারা খুবই সমস্যার মধ্যে পড়ে। তাই আমি অনুরোধ করছি তোমরা সকলে কারিগরি শিক্ষায় শিক্ষিত হও। তবে শুধু সনদ পত্র নিয়ে কোন লাভ হবে না, যদি কাজ না শেখ।

শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, তোমরা পরিক্ষা দেবে ঠিকমত লেখাপড়া করে এসে, এখানে কোন রকম নকল করা চলবে না, শিক্ষকদেরও বলছি, আপারাও পড়া শোনা করেন, না হলে ওদের শিক্ষা দেবেন কি ভাবে। শুধু সনদে যেমন কাজ হবেনা, হাতে কলমে কাজ শিখতে হবে, তেমন কাজ শিখলেই চলবেনা সনদও লাগবে।

সভায় প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন ভোকেশনাল শিক্ষক সমিতি কেন্দ্রীয় কমিটির সভাপতি সিকদার আব্দুল হালিম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ভোকেশনাল শিক্ষক সমিতি কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক আলমগীর হোসেন, উপজেলা একাডেমিক সুপার ভাইজার ইমরুল হক, আইডিইবি চুয়াডাঙ্গা জেলা শাখার সভাপতি ইফতেখার উদ্দিন, আলমডাঙ্গা প্রাইম পলেটেকনিক কলেজের পরিচালক ইদ্রিস আলী খান, আলিম মাদ্রাসার সুপার সিরাজুল ইসলাম, কেন্দ্রীয় কমিটির শিক্ষা ও গবেষণা সম্পাদক হারুনার রশিদ, পাইলট সরকারি উচ্চবিদ্যালয়ের সহকারি প্রধান শিক্ষক ইলিয়াস উদ্দিন।

প্রাইম পলেটেকনিকের শিক্ষক শামিম উদ্দিনের উপস্থাপনায় অন্যদের মধ্যে স্বাগত বক্তব্য দেন চুয়াডাঙ্গা জেলা সভাপতি আব্দুল আজিজ, প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সম্পাদক হামিদুল ইসলাম, মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামান প্রমুখ।

জীবননগরে ৫০ বোতল ফেন্সিডিলসহ আটক-২

জীবননগর থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে ৫০ বোতল ফেন্সিডিলসহ দুই জন কে আটক করেছে জীবননগর থানা পুলিশ।

আটককৃতরা হলেন, দামুড়হুদা উপজেলার রাঙ্গিয়ারপোতা গ্রামের রফিকুল ইসলামের ছেলে আলামিন হোসেন শিহাব (১৯) এবং সুলতান পুর গ্রামের মৃত মমিন হকের ছেলে শিপ্লব হাসান(১৮)।

শনিবার দুপুরে গোপন সংবাদের ভিক্তিতে বাসষ্টান্ডে মাদক বিরোধী অভিযান পরিচালনা করে তাদের আটক করা হয়।

তাদের কাছে থাকা বাজার ব্যাগ তল্লাশী করে ৫০ বোতল ফেন্সিডিল সহ তাদের আটক করে জীবননগর থানা পুলিশ।

জীবননগর থানার ইনচার্জ সাইফুল ইসলাম তথ্যটি নিশ্চিত করেন। পরে এ বিষয়ে তাদের বিরুদ্ধে জীবননগর থানায় একটি মাদকদ্রব্য আইনে মামলা হয়েছে।

সাংবাদিক কন্যা সিনথিয়া রেজয়ান তন্দ্রার ৫ম জন্ম বার্ষিকী

কুমার খালি প্রেস ক্লাবের সাংগঠনিক সম্পাদক সাংবাদিক রনি রেজয়ান ও সম্পা রেজওয়ানের কন্যা সিনথিয়া রেজওয়ানের আজ ৫ম জন্ম বার্ষিকী।

সিনথিয়া রেজওয়ানের জন্য তার পিতা কানাডা প্রবাসি সাংবাদিক রনি রেজওয়ান মা’ সম্পা রেজওয়ান সকলের নিকট দোয়া প্রার্থনা করেছেন। তার জন্ম বার্ষিকীতে মেহেরপুর প্রতিদিন পরিবার এর পক্ষ থেকে আন্তরিক দোয়া ও শুভ কামনা রইল।

মেহেরপুর পল্লী বিদ্যুত সমিতির কার্যালয়ে মুজিব কর্ণারের উদ্বোধন

মুজিব বর্ষ উপলক্ষ্যে তরুণ প্রজন্মের কাছে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দেশ প্রেমের নানা বিষয় তুলে ধরে মেহেরপুরে পল্লী বিদ্যুত সমিতির প্রধান কার্যালয়ে মুজিব কর্ণারের উদ্বোধন করা হয়েছে। শনিবার দুপুরে পল্লী বিদ্যুত সমিতি প্রাঙ্গণে মুজিব কর্ণারের উদ্বোধন করেন আর ইবির পরিচালক প্রশাসন মোঃ মুকুল হোসেন। মেহেরপুর পল্লী বিদ্যুত সমিতির জেনারেল ম্যানেজার নুর মোহাম্মদের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন,

মেহেরপুর পল্লী বিদ্যুত সমিতি বোর্ডের সভাপতি জিনারুল বিশ^◌াস, সচিব তুষার আহম্মেদ ও এজিএস প্রশাসন সৈয়দ আমানুর রহমানসহ মেহেরপুর-চুয়াডাঙ্গার বিভিন্ন পরিচালক ও কর্মকর্তা-কর্মচারী বৃন্দ উপস্থিত ছিলেন। মুজিব বর্ষ উপলক্ষ্যে পল্লী বিদ্যুত সমিতির কার্যালয়ে সেবা গ্রহীতাদের প্রবেশ পথে বঙ্গ বন্ধু কর্ণার দেখতে পায় এ জন্য কার্যালয়ের মূল ফটকের পাশের একটি হল ঘরে বঙ্গ বন্ধু কর্ণারের মাধ্যমে মুক্তিযুদ্ধ

ও বঙ্গবন্ধুর স্মৃতি বিজড়িত বিভিন্ন চিত্র স্থাপন করা হয়। বছর জুড়ে সাধারণ মানুষের জন্য এ মুজিব কর্ণার খোলা থাকবে। কর্ণারে স্থান পেয়েছে বঙ্গ বন্ধুর জীবনী নিয়ে লেখা প্রায় দুই শতাধিক বিভিন্ন বই ও দুই শতাধিক বিভিন্ন অনুষ্ঠানের ছবি ।

মামলার ফাঁদে ফেলে একাধিক ব্যক্তির কাছ থেকে টাকা হাতিয়ে নেওয়ার অভিযোগ উঠেছে ঝিনাইদহে জুলেখার বিরুদ্ধে

ঝিনাইদহের জুলেখা বেগম নামে এক মহিলার বিরুদ্ধে একাধিক ব্যক্তির নামে বিভিন্ন ধরণের মামলা করে সাধারণ মানুষের হয়রানি ও টাকা হাতিয়ে নেওয়ার অভিযোগ পাওয়া গেছে। বিভিন্ন তথ্য থেকে জানা যায় হামদহ এলাকার শেরে বাংলা সড়কের আলিয়া মাদ্রাসার পূর্বপাশে মৃত মফিজ মিয়ার স্ত্রী জুলেখা বেগম তার নিজের দুই ছেলের নামে কোর্টে ৫টি মামলা এবং থানায় ৪টি অভিযোগ ছাড়াও জমি সক্রান্ত, মারামারি ও যৌতুকের মামলাসহ বিভিন্ন ব্যক্তির নামে ৩০থেকে ৩৫টি মামলার বাদি হয়ে মামলা করার খবর পাওয়া গেছে। কোন কোন মামলা থেকে বড় অংকের টাকা নিয়ে মিমাংশা করার খবরও জানা গেছে। জুলেখার ছেলে মুন্নার নামে যে মামলাটি করেন তার নং ঝিনাইদহ সিআর ৪৩৩/১৪।

এছাড়া একই এলাকার তোফাজ্জেল হোসেন, রাজিব, রাকিব, রামেলা খাতুন এদের নামে সিআর মামলা নং ১০/২০১৮,১১৬২/১২। নাসির মালিতা, ফিরোজ মালিতা, সেলিম মালিতা ও পান্টু মিয়াসহ একাধিক ব্যক্তির নামে সি আর মামলা নং ৪০১/১৬ মিথ্যা মামলা দিয়ে হয়রানি করে আসছে তাছাড়া নাসির উদ্দীনের নামে অন্য আরও মামলা রয়েছে যার নং সি আর ৫৩৬/২০১৭।

শৈলকুপার নিত্তানন্দপুর সাপখোলা গ্রামের হাসমত আলির বিরুদ্ধে মিথ্যা বিবাহের কাবিন তৈরী করে খোরপোশ এবং যৌতুকের মামলা দিয়ে হয়রানি করেছে যার মামলা নং ৪০/১০ঝিনাইদহ পারিবারিক আদালত।

জুলেখা বেগমের ছেলে বলেন আমার মা একজন মামলাবাজ মহিলা সে তার জামাই নাসির উদ্দীন এবং বড় ছেলের ইন্দোনে আমার নামে ৪টি মিথ্যা মামলাসহ বিভিন্ন ব্যক্তির নামে মামলা করে টাকা হাতিয়ে নেওয়ার চেষ্টা করে। মাসুদের নামে যে মামলা করেছে তার মধ্যে সিআর ৬৩৮/১৯, ৭৫/২০। এছাড়া আমার বাবার বাড়ির শৈলকুপা আশুর হাট এলাকার অধিকাংশ ব্যক্তির নামে একাধিক মামলা করে হয়রানি করে আসছে।

এমনকি তার নিজের বাড়ি নিজে ভেঙ্গে সতিন এবং সতিনের ছেলে ও জামাইদের নামে মিথ্যা মামলা দিয়ে দীর্ঘদিন হয়রানি করে আসছে মামলা নং ঝিনাইদহ পিটিশন ২৯/২০২০। এই মামলাবাজ মহিলার জন্য এলাকাবাসী ও আত্মিয় স্বজন অতিষ্ট।

সুষ্ঠু তদন্ত স্বাপেক্ষে এই মামলাবাজ মহিলার বিচার দাবি করেন এলাকাবাসী।